



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়



আদিনা ফজলুল হক সরকারি কলেজ

শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

স্থাপিত : ১৯৩৮

ফোন : ০৭৮২৫-৭৫০১৮

website : www.adinacollege.edu.bd

ই-মেইল: adinacollege2013@yahoo.com

প্রেস রিলিজ

বাংলাদেশের স্বপ্নদৃষ্টা, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে আদিনা ফজলুল হক সরকারি কলেজ মাসব্যাপী বঙ্গবন্ধুর স্মরণে অনুষ্ঠানমালার আয়োজন করেছে। ১ আগস্ট থেকে কর্মরত শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের কালো ব্যাচ পরিধান করা, কলেজ প্রাঙ্গণ পরিচ্ছন্নতাকরণ, বঙ্গবন্ধুর ছবি ও বাণী সম্বলিত ফেস্টুন ও প্ল্যাকার্ড টানানো, শ্রেণি কক্ষে বঙ্গবন্ধুর জীবন ও কীর্তি নিয়ে উন্মুক্ত আলোচনা প্রভৃতি নানা কর্মসূচি পালিত হয়। এছাড়া একাদশ-দ্বাদশ এবং স্নাতক শ্রেণির শিক্ষার্থীদের দুটি পর্বে বিভক্ত করে বঙ্গবন্ধুর জীবন, কীর্তি, কারাজীবন বিষয়কে উপজীব্য করে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়।

১৫ আগস্ট ভোর ৬.৫৫ মি. জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মধ্য দিয়ে দিনের কর্মসূচি শুরু হয়। আদিনা ফজলুল হক সরকারি কলেজের সম্মানিত অধ্যক্ষ প্রফেসর মোহাঃ ওলিউর রহমানের নেতৃত্বে পুষ্পমাল্য প্রদানে অন্যান্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন শিক্ষক পরিষদের সম্পাদক জনাব মোঃ শফিকুল ইসলাম, ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান জনাব মোঃ ইমানুল হক, ইতিহাস বিভাগের বিভাগীয় প্রধান শামীম আরা বেগম প্রমুখ। এরপর বঙ্গবন্ধু সহ ১৫ আগস্ট শাহাদাত বরণকারী সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করে ১ মিনিট নিরবতা পালন করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন দর্শন বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ মাসুদ রানা। এরপর শিক্ষার্থীরা বঙ্গবন্ধুর প্রতি তাদের আবেগের কথা তাদের ভালোবাসার কথা তুলে ধরে। আদিনা ফজলুল হক কলেজ শাখার ছাত্রনেতৃবৃন্দ বঙ্গবন্ধুর পলাতক খুনীদের ফিরিয়ে এনে বিচারের জোর দাবী জানায়।

পর্যায়ক্রমে কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ জাতীয় শোক দিবসের আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশ নেন এবং বঙ্গবন্ধুর জীবনের নানা দিক তুলে ধরেন। শিক্ষক পরিষদের সম্মানিত সম্পাদক তার বক্তব্যে বঙ্গবন্ধুর জীবনের নানা মানবিক গুনাবলী তুলে ধরেন।

এরপর জাতীয় শোক দিবস-২০১৯ উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়।

সভাপতি ও অন্যান্য অতিথিবৃন্দ প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী শিক্ষার্থীদের মাঝে বঙ্গবন্ধুর লেখা বই “কারাগারের রোজনামাচা” এবং “অসমাপ্ত আত্মজীবনী” তুলে দেন।

এরপর সভাপতির সমাপনী বক্তব্য নিয়ে আসেন আদিনা ফজলুল হক সরকারি কলেজের কর্মকুশল অধ্যক্ষ প্রফেসর মোহাঃ ওলিউর রহমান। জাতির জনকের আত্মার প্রতি মাগফেরাত কামনা করে তিনি তার বক্তব্য শুরু করেন। বক্তৃতায় তিনি বঙ্গবন্ধুর রাজনৈতিক দূরদর্শীতা এবং মানবিক মূল্যবোধের দৃষ্টান্ত তুলে ধরেন, যা শিক্ষার্থীদের চেতনায় নাড়া দেয়। সাথে সাথে তিনি বঙ্গবন্ধুর যে সমস্ত খুনীদের বিচারের আওতায় আনা যায়নি তাদের বিচারের আওতায় আনার স্পষ্ট দাবী করেন। বঙ্গবন্ধুর আত্মার মাগফেরাত কামনা করে দোয়া পরিচালনার মধ্য দিয়ে আলোচনা, রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের সমাপ্তি ঘোষিত হয় এবং ছাত্র/ছাত্রীদের মধ্যে তবারক বিতরণ করা হয়।

এরপর বাদ যোহর কলেজ মসজিদে বঙ্গবন্ধুসহ ১৫ আগস্ট ১৯৭৫ -এ শাহাদাত বরণকারী সকলের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। দোয়া পরিচালনা করেন আদিনা ফজলুল হক সরকারি কলেজের মসজিদের পেশ ইমাম জনাব মোঃ তাজেমুল হক।

আহ্বায়ক

জাতীয় দিবস উদযাপন কমিটি
আদিনা ফজলুল হক সরকারি কলেজ
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।